

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি, কুষ্টিয়া।



স্মারক নম্বর: ০৯.৫৫.৫০০০.০০০.৩৪.০১৮.২০.৩০

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭

০৬ আগস্ট ২০২০

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন ২০২০ উপলক্ষ্যে শিশুদের রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি, কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিজ নিজ বাসাবাড়িতে রচনা লিখে ও ছবি অঙ্কন করে আগামী ১৩ আগস্ট ২০২০ খ্রি. তারিখ বিকেল ৩.০০টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, কুষ্টিয়া জেলা কার্যালয়ে জমা দিতে হবে।

রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা সংক্রান্ত :

কর্মসূচি	বিভাগ ও বিষয়
রচনা প্রতিযোগিতা	ক বিভাগ : ৩য় শ্রেণি থেকে ৭ম শ্রেণি পর্যন্ত। (৬০০ শব্দের মধ্যে) বিষয় : বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ও আজকের বাংলাদেশ। খ বিভাগ : ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত। (৮০০ শব্দের মধ্যে) বিষয় : বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ও আজকের বাংলাদেশ।
চিত্রাংকন প্রতিযোগিতা	ক - বিভাগ : শিশু শ্রেণি থেকে ৩য় শ্রেণি পর্যন্ত (বিষয় : 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ'- রং: ইচ্ছেমতো।) খ- বিভাগ : ৪র্থ শ্রেণি থেকে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত (বিষয় : 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ'- জল রং/পেস্টাল।) গ- বিভাগ : ৭ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত (বিষয় : 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ'- জল রং/পেস্টাল।)

নিয়মাবলি :

- ১। রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতিটি পাতার এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। ছবি আঁকার কার্টিজ পেপার সাইজ : ১৬/১১ ইঞ্চি।
- ৩। স্পষ্ট অক্ষরে প্রতিযোগীর নাম, মাতা ও পিতার নাম, বিদ্যালয়ের নাম, শ্রেণি, ফোন/ মোবাইল নম্বর লিখতে হবে। তথ্যগুলো না লেখা থাকলে উক্ত প্রতিযোগীর অংশগ্রহণ বাতিল বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ/শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৬-৮-২০২০

মো: মখলেছুর রহমান
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা


অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/পরিচালক/সম্পাদক

স্মারক নম্বর: ০৯.৫৫.৫০০০.০০০.৩৪.০১৮.২০.৩০/১(৮)

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
- ৫) সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কুষ্টিয়া
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কুষ্টিয়া
- ৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৮) জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া



৬ - ৮ - ২০ ২০

মো: মখলেছুর রহমান
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা